

“মুজিববর্ষের অঙ্গীকার  
সুরক্ষিত হবে মানবাধিকার”



## জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ [nhrc.bd@gmail.com](mailto:nhrc.bd@gmail.com)

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩- ৮৬

তারিখঃ ১৫ মার্চ ২০২০

### প্রেস বিজ্ঞপ্তি-

গণমাধ্যমে প্রকাশিত সংবাদ থেকে জানা যায় যে, মধ্যরাতে বাড়িতে হানা দিয়ে অনলাইন নিউজ পোর্টাল বাংলা ট্রিবিউন- এর কুড়িগ্রাম প্রতিনিধি আরিফুল ইসলামকে তুলে নিয়ে গেছে জেলা প্রশাসনের মোবাইল কোর্ট। শূক্রবার (১৩ মার্চ) দিবাগত রাতে ডিসি অফিসের ম্যাজিস্ট্রেট ১৫-১৬ জন আনসার সদস্যকে নিয়ে দরজা ভেঙে তার বাসায় প্রবেশ করে। এসময় আরিফুলের বাসায় আধা বোতল মদ ও দেড়শ গ্রাম গাঁজা পাওয়া গেছে বলে দাবি করেন তারা। এ ঘটনায় জাতীয় মানবাধিকার কমিশন গভীর উদ্বেগ প্রকাশ করছে। কমিশন মনে করে এ ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত হওয়া এবং এ বিষয়ে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা অত্যাবশ্যিক। এ বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য কমিশন থেকে মন্ত্রিপরিষদ বিভাগ বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে।

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ

মোবাইলঃ ০১৭৯০৫৩৬৯৩৬